



কর্মসাথী শ্রমদপ্তর



কী পরিষেবা পাবেন

‘কর্মসাথী’ পরিয়ায়ী শ্রমিক পোর্টালে পরিয়ায়ী শ্রমিকদের নথিভুক্ত করা এবং তাদের MWIN(P) [অস্থায়ী সনাক্তকরণ নম্বর] তৈরি করা হবে।

কী কী সুবিধা পাবেন

‘কর্মসাথী’ পোর্টালে নথিভুক্ত হলে পরিয়ায়ী শ্রমিকের দুর্ঘটনাজনিত অক্ষমতা বা মৃত্যু হলে তার নমিনি আর্থিক সহায়তা পাবেন। এছাড়াও কর্মস্থলে কোনও বিপদ ঘটলে, মজুরি বা ছাঁটাই সংক্রান্ত অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হলে অভিযোগ জানাতে পারেন।

কারা আবেদন করতে পারেন

- ১) আবেদনকারীকে অবশ্যই পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।
- ২) তাকে অবশ্যই একজন শ্রমিক হতে হবে যিনি পশ্চিমবঙ্গ রাজ্য ছাড়া অন্য রাজ্য বা দেশে কাজ করেন অথবা কাজে যুক্ত হবেন।

কী কী নথি প্রয়োজন

- ১) আবেদনকারীর একটি পাসপোর্ট মাপের ছবি।
 - ২) আবেদনকারীর আধার কার্ডের কপি।
 - ৩) ব্যাঙ্কের পাশবইয়ের প্রথম পৃষ্ঠা (পশ্চিমবঙ্গের যে কোনও ব্যাঙ্কে খোলা অ্যাকাউন্টের বিবরণ)।
 - ৪) যথাযথভাবে পূরণ করা আবেদনকারীর স্বাক্ষরিত আবেদন পত্র।
 - ৫) পরিশিষ্টে দেওয়া শংসাপত্র-ক।
 - ৬) বৈধ পাসপোর্টের স্বপ্রত্যয়িত কপি যদি আবেদনকারী অন্যদেশে কাজে নিযুক্ত থাকেন বা কাজে নিযুক্ত হবেন।
- [আবেদনকারী কর্মসূত্রে ভিনরাজ্যে বা ভিনদেশে থাকলে তার আত্মীয় উপোরোক্ত নথি নিয়ে আবেদন করতে পারেন।]

বিশদে জানতে যোগাযোগ করুন

টোল ফ্রী নম্বর ১৮০০-১০৩-০০০৯/‘কর্মসাথী পরিয়ায়ী শ্রমিক’ অ্যাপ ডাউনলোড করুন/
<https://karmasathips.wblabour.gov.in> পোর্টালে লগ ইন করুন।